

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৩২

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১. তৃতীয় অনুচ্ছেদ - যে কারণে উযূ করা ওয়াজিব হয়

### আরবী

وَعَن ابْن عُمَرَ أَنَّ عُمَرَ بْنَ الْخَطَّابِ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: إِن الْقَبْلَة من اللَّمْس فتوضووا منْهَا

#### বাংলা

৩৩২-[৩৩] ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। 'উমার (রাঃ) বলেছেন, চুমু দেয়া 'লামস্' এর অন্তর্ভুক্ত। (যা কুরআনে উল্লেখ করা হয়েছে)। সুতরাং চুমু দেয়ার পরে তোমরা উযূ (ওযু/ওজু/অজু) করবে।[1]

## ফুটনোট

[1] য'ঈফ : দারাকুত্বনী ১/১৪৪। কারণ এর সানাদে মুহাম্মাদ ইবনু 'আবদুল্লাহ ইবনু 'আমর ইবনু 'উসমান যিনি স্মরণশক্তিগত ক্রটির কারণে দুর্বল প্রমাণিত হয়েছেন।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: সর্বশেষ তিনটি (৩০, ৩১, ৩২) 'আমর-এর সানাদ কতিপয় সাহাবী পর্যন্ত পৌঁছেছে যারা المسل (লামস্)-কে উয়্ (ওয়ু/ওজু/অজু) ভঙ্গের কারণ হিসেবে উল্লেখ করেছেন, যে আসারগুলো মারফু'র হুকুম রাখে না। তাদের এ ক্ষেত্রে ব্যক্তিগত অভিমতের অবকাশ রয়েছে। আর তারা আল্লাহ তা'আলার উক্তি أَوْلاً مَسْتُمُ النِّسَاءَ النِّسَاءَ । আগত রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে প্রী চুম্বন ও স্পর্শকরণের মাধ্যমে উয়্ (ওয়ু/ওজু/অজু) ভঙ্গ না হওয়ার বিষয়ে সুস্পষ্ট প্রমাণ রয়েছে যেমনটি পূর্বে 'আয়িশাহ্ (রাঃ)-এর হাদীসে অতিবাহিত হলো। আর এটিই সবচেয়ে শক্তিশালী প্রাসঙ্গিক দলীল যার দ্বারা প্রমাণিত হয় যে, আয়াতে কারীমার المسل (লামস্) দ্বারা উদ্দেশ্য স্ত্রী সঙ্গম। ইবনু 'আব্বাস এবং 'আলী (রাঃ)-এর মতো সাহাবী আয়াতের এ তাফসীরই করেছেন। অতএব সুস্পষ্ট সহীহ মারফু' হাদীসের প্রতি 'আমল করাই অত্যাবশ্যক এবং আয়াতে আয়াতে মারফু' হাদীসের সেকা উচিত হবে না। কেননা সহীহ মারফু' হাদীসের মারফু' হাদীসের মারফুণ হাদীসের মারফা উচিত হবে না। কেননা সহীহ মারফু' হাদীসের মারফুণ হাদীসের মারফা তারে না।



হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন